# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**01-05-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য পূরণে ভারতের বিভিন্ন দূতাবাসের কূটনীতিকদের পরামর্শ দিয়েছেন।

২। পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, গণনা কেন্দ্রগুলিতে কারচুপির সম্ভাবনা আছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে অভিযোগ করেছেন, তা ভিত্তিহীন বলে জানিয়েছেন।

এদিকে, ভোট গণনার প্রস্তুতি সরজমিনে খতিয়ে দেখতে আজ একাধিক জেলা পরিদর্শন শুরু করেছেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

৩। ভারতের ডিজিটাল অর্থনীতিতে UPI বিশ্বের বৃহত্তম রিয়াল টাইম পেমেন্টের প্ল্যাটফর্ম হিসেবে আত্মপ্রকাশ করেছে।

৪। দেশ জুড়ে আজ চিরাচরিত্র উৎসাহ উদ্দীপনায় বুদ্ধ পূর্ণিমা পালিত হচ্ছে।

#কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই উপলক্ষে লের চোগলামসারে তথাগতের স্মৃতি বিজড়িত একটি প্রদর্শনীর উদ্বোধন করেছেন।

৫। আইপিএল ক্রিকেটে আজ রাজস্থান রয়্যালস দিল্লি ক্যাপিটালস এর বিরুদ্ধে খেলবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্য পূরণে ভারতের কূটনৈতিক উদ্যোগের বিষয়ে বিভিন্ন দূতাবাসের প্রধানদের

মূল্যবান পরামর্শ দেন। তিনি গতকাল নতুনদিল্লিতে বিভিন্ন দূতাবাসের প্রধানদের একাদশ সম্মেলনে ভাষণ দিয়েছেন। বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, শ্রী মোদী বিভিন্ন দেশে ভারতের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলি তুলে ধরার এই মূল্যবান পরামর্শ দিয়েছেন।

প্রধানমন্ত্রীকে ভবিষ্যৎ-এর চাহিদা অনুযায়ী কূটনীতি, ৩টি 'টি' ট্রেড বা বাণিজ্য, টেকনোলজি বা প্রযুক্তি ও ট্যুরিজম বা পর্যটন সম্পর্কে প্রচার করার বিষয়ে জানানো হয়। শ্রী মোদী দূতাবাসের প্রধানদের কাছ থেকে মূল্যবান মতামত এবং আন্তর্জাতিক স্তরে ভারতের নানা উদ্যোগকে শক্তিশালী করার বিষয়ে প্রবীণ ও তরুণ কূটনীতিকদের সঙ্গে মতবিনিময় করেন।

বিদেশ মন্ত্রক ২৮ থেকে ৩০শে এপ্রিল এই সম্মেলনের আয়োজন করে। উদ্বোধনী ভাষণ দেন বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর।

-----------------

পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর গণনাকেন্দ্রগুলিতে কারচুপির অভিযোগ ভিত্তিহীন বলে জানিয়েছেন। আকাশবাণীকে দেওয়া এক বিশেষ সাক্ষাৎকারে তিনি জানান, রাজ্যের প্রতিটি গণনা কেন্দ্রের পর্যাপ্ত সিসিটিভি আছে। কঠোর নিরাপত্তা নিশ্চিত করতে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে। তিনি আরও বলেন, অভিযোগ নির্দিষ্ট চ্যানেলের মাধ্যমের জানানো যেতে পারে, তবে কমিশন ভোট পরবর্তী হিংসার মোকাবিলায় সবরকমের পদক্ষেপ নিয়েছে। উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী গতরাতে সাখাওয়াত মেমোরিয়াল স্কুলের স্ট্রং রুম পরিদর্শন করেন এবং অভিযোগ করে জানান, ভোট গ্রহণ ও গণনার মধ্যে চার দিনের ব্যবধান রাখা উদ্দেশ্য প্রণোদিত।

------------------

ভোট গণনার প্রস্তুতি  সরেজমিনে খতিয়ে দেখতে আজ থেকে একাধিক জেলায় পরিদর্শন শুরু করছেন পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, গণনাকেন্দ্রগুলির পরিকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা, স্ট্রং রুম সংলগ্ন নজরদারি এবং গণনার দিন প্রোটোকল ঠিকমতো মানা হচ্ছে কি না, তা খতিয়ে দেখা এই পরিদর্শনের মূল উদ্দেশ্য বলে তিনি জানিয়েছেন।

সরকারি সূচি অনুযায়ী, এ দিন সকালে কলকাতা থেকে হেলিকপ্টারে প্রথমে পুরুলিয়ার রঘুনাথপুরে পৌঁছে গণনাকেন্দ্র পরিদর্শন করেন তিনি। সেখানে জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে বৈঠক করে প্রস্তুতির খুঁটিনাটি খতিয়ে দেখা হয়। এরপর পুরুলিয়া শহরের গণনাকেন্দ্র ঘুরে দেখেন এবং প্রয়োজনীয় নির্দেশ দেন।

দুপুরে ঝাড়গ্রামে পৌঁছে সংশ্লিষ্ট গণনাকেন্দ্র পরিদর্শন করবেন মুখ্য নির্বাচনী আধিকারিক। পরে বিকেলে বাঁকুড়া এবং বিষ্ণুপুরেও একইভাবে গণনাকেন্দ্র পরিদর্শন করে প্রস্তুতির সার্বিক চিত্র পর্যালোচনা করার পর, তাঁর কলকাতায় ফেরার কথা।

------------------

Unified Payments Interface (UPI) ভারতের ডিজিটাল অর্থনীতির ক্ষেত্রে বিশ্বের বৃহত্তম রিয়াল টাইম পেমেন্ট বা বাস্তব সম্মত অর্থ প্রদানের প্ল্যাটফর্ম হিসেবে আত্ম প্রকাশ করেছে। ২০১৬১১ র--ই এপ্রিল এই UPI ব্যবস্হা চালু হয়। এই এক দশকে তা ভারতের ডিজিটাল অর্থনীতির মূল স্তম্ভ হয়ে উঠেছে। আর্থিক অন্তর্ভূক্তি, এবং সিমলেস বাণিজ্যিক আদানপ্রদানের মাধ্যমে ডিজিটাল পাবলিক পরিকাঠামোয়- UPI হয়ে

উঠেছে নতুন আন্তর্জাতিক বেঞ্চ মার্ক। UPI লেনদেনও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। প্রথম এক মাসে যেখানে ৩৭৩টি লেনদেন হয়েছিল-, ২০২৫আর্থিক বছরে তা ২৬-কোটি। ১৬২ হাজার ২৪ বেড়ে হয়েছে

-----------------

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল আজ বৃটেনের বাণিজ্য বিষয়ক সচিব পিটার কাইলের সঙ্গে এক ভার্চুয়াল সভায় মতবিনিময় করেন। সমাজমাধ্যমে এক বার্তায়, তিনি বলেন, এই বৈঠকে ভারত ও বৃটেন তাদের অর্থনৈতিক ও বাণিজ্যিক চুক্তিগুলির সুযোগ সুবিধা কাজে-লাগানোর ওপর গুরুত্ব দিয়েছে। এছাড়াও, দুটি দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক আরো জোরদার করার বিভিন্ন পন্থা নিয়ে তাঁরা আলোচনা করেছেন।

-----------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন , মাদক নিয়ন্ত্রণ ব্যুরো )NCB) একটি বড় মাপের আন্তর্জাতিক মাদক চক্রের বিরুদ্ধে অভিযান চালিয়ে সফল হয়েছে। সংস্থাটি মুম্বাই থেকে ১ হাজার ৭৪৫ কোটি টাকা মূল্যের ৩৪৯ কিলোগ্রাম উচ্চমানের কোকেন বাজেয়াপ্ত করেছে। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেছেন, সংস্থাটি মাদক চোরাচালানের একটি ছোট সূত্রকে ব্যবহার করে সাফল্য পেয়েছে। তিনি NCB-কে অভিনন্দন জানিয়েছেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সরকার মাদক চক্রকে নির্মূল করতে বদ্ধপরিকর।

-----------------

সাঁওতালি ভাষার লিপি 'অলচিকি'-র স্রষ্টা পণ্ডিত রঘুনাথ মুর্মুর জন্মবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি মুর্মু বলেছেন,পণ্ডিত মুর্মুর দূরদৃষ্টি ও সৃজনশীল ক্ষমতা সাঁওতালি ভাষাকে একটি নতুন পরিচিতি দিয়েছে। তিনি আরো বলেন , 'অলচিকি' লিপি সাঁওতালি ভাষায় শিক্ষা, সাহিত্য ও ভাবপ্রকাশের প্রসারে সহায়তা করেছে। এছাড়াও সাঁওতাল সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নে তার উদ্যোগ অত্যন্ত গুরুত্ব পেয়েছে। রাষ্ট্রপতি দেশের নাগরিককে তার আদর্শ থেকে সংকল্প গ্রহণের আহ্বান জানিয়েছেন।

-----------------

দেশ জুড়ে আজ চিরচরিত উৎসাহ উদ্দীপনায় বুদ্ধ পূর্ণিমা পালিত হচ্ছে। । এই দিনটিতে জন্মগ্রহণ করেছিলেন গৌতম বুদ্ধ। এই তিথিতেই বুদ্ধগয়ায় মহাবোধী বৃক্ষের নীচে তিনি আলোকপ্রাপ্ত হন। আবার কুশীনগরে আজকের দিনেই তাঁর মহা পরিনির্বাণ হয়। বুদ্ধ পূর্ণিমা পৃথিবী জুড়ে উদযাপিত হয়। ভারত ছাড়াও নেপাল, ভুটান, শ্রীলঙ্কা, মিয়ানমার, সিঙ্গাপুর, থাইল্যান্ড দক্ষিণ কোরিয়া সহ একাধিক দেশে বৌদ্ধ ও হিন্দু ধর্মের মানুষরা এই তিথিতে উৎসব পালন করে থাকেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন ভগবান বুদ্ধের আদর্শ বাস্তবায়নের সরকারের অঙ্গীকারবদ্ধ।

বাইট মোদী

-----------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ লেহ-র চোগলামসারের ফোটাং-এর জিভেৎসালে দু হাজার ৫ শো উনষাটতম বুদ্ধ পূর্ণিমা উপলক্ষ্যে তথাগত বুদ্ধের স্মৃতি বিজড়িত পবিত্র নিদর্শন সম্বলিত একটি প্রদর্শনীর উদ্বোধন করেছেন। তিনি বলেন, তথাগত বুদ্ধ মানবতার প্রতীক। তাঁর আদর্শ আমাদের দৈনন্দিন জীবনে মেনে চলতে হবে।

বাইট

এই প্রদর্শনীতে বৌদ্ধ রাষ্ট্রগুলির রাষ্ট্রদূত, তীর্থযাত্রী, পর্যটক, বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী এবং মন্ত্রিসভার সদস্যদের উপস্থিত ছিলেন। এই প্রদর্শনী চলাকালীন, লেহ শহরের গুরুত্বপূর্ণ স্থানগুলোতে শান্তি ও সম্প্রীতির প্রসারের লক্ষ্যে নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এর মধ্যে রয়েছে আন্তঃধর্মীয় সংলাপ, হিমালয়ে বৌদ্ধধর্ম, যোগ ও ধ্যানের উপর আলোচনা, বিশ্ব শান্তির জন্য হাজার হাজার বৌদ্ধ ভিক্ষুদের নিয়ে মহাপ্রার্থনা সভা, থাংকা চিত্রাঙ্কন, পুঁথি সংরক্ষণ ও ধর্মগ্রন্থের উপর কর্মশালা এবং বিভিন্ন রাজ্য ও দেশের সাংস্কৃতিক অনুষ্ঠান।

কারগিলে শ্রী শাহ লেহ-র সেন্ট্রাল ইনস্টিটিউট অফ বুদ্ধিস্ট স্টাডিজের দৈনিক ১০ হাজার লিটার উৎপাদন ক্ষমতাসম্পন্ন একটি দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্রের শিলান্যাস করবেন। স্বরাষ্ট্রমন্ত্রী গতকাল লাদাখে দু দিনের সফর শুরু করেছেন।

-----------------

আজ ঐতিহাসিক মে দিবস। দিনটি আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবেও উদযাপিত হয়ে থাকে। নানা অনুষ্ঠান ও কর্মসূচির মধ্য দিয়ে বিশ্বজুড়ে শ্রমজীবী মানুষের প্রতি শ্রদ্ধা জানাতে দিনটি পালিত হয়ে থাকে।

উল্লেখ্য, দৈনিক আট ঘন্টা কাজের সময় এর দাবিতে ১৮৮৬ সালে আমেরিকার শিকাগো শহরে পথে নেমে বিক্ষোভ দেখান শ্রমিকরা । বিক্ষোভ প্রতিহত করতে পুলিশ গুলি চালালে আন্দোলনকারীদের অনেকেই হতাহত হন। এই ঘটনার পর ১৮৮৯ সালে আন্তর্জাতিক শ্রমিক সম্মেলনে শ্রমিকদের অধিকার নিয়ে প্রস্তাব পেশ করা হয়। ওই সম্মেলন থেকে শ্রমিকদের সময়সীমা দৈনিক ৮ ঘন্টা বেঁধে দেওয়া হয়। সম্মেলন শেষে পয়লা মে দিনটিকে আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবে পালনের কথা ঘোষণা করা হয়।

-----------------

বিশ্ব শ্রমিক দিবস উপলক্ষে দেশের শ্রমজীবী মানুষদের শুভেচ্ছা জানিয়েছেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি দেশকে একটি আত্মনির্ভরশীল ও উন্নত জাতি হিসেবে গড়ে তোলার পথে তাদের কঠোর পরিশ্রম, নিষ্ঠা, অটল সংকল্প এবং অবদানের কথা তুলে ধরেন।

-----------------

মার্কিন প্রশাসন জানিয়েছে, ইরানের সঙ্গে যুদ্ধবিরতি কার্যকর থাকায় বর্তমানে সংঘাত শেষ হয়েছে। এই প্রেক্ষিতে প্রশাসন 'ওয়ার পাওয়ারস রেজলিউশনের আওতায় , কংগ্রেসের অনুমোদনের প্রয়োজনীয়তা এড়ানো সম্ভব বলে মনে করছে। মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ সেনেটরদের জানিয়েছেন , এই যুদ্ধবিরতি বর্তমান সংঘাত থামিয়ে দিয়েছে। প্রশাসনের এক ঊর্ধ্বতন কর্মকর্তাও বলেছেন, গত ২৮শে ফেব্রুয়ারি শুরু হওয়া সংঘর্ষ আপাতত বন্ধ রয়েছে। এপ্রিলের পর কোনরকম গুলি বিনিময়ের খবর পাওয়া যায়নি।

উল্লেখ্য, ১৯৭৩ সালের আইন অনুযায়ী, কোনো সামরিক অভিযান শুরু হওয়ার ৬০ দিনের মধ্যে মার্কিন কংগ্রেসের অনুমোদন গ্রহণ করা অথবা সেখান থেকে সেনা প্রত্যাহার করে নেওয়া বাধ্যতামূলক। তবে প্রশাসন দাবি করেছে বর্তমান পরিস্থিতিতে, এই আইন মেনে চলার অথবা সময়সীমা বাড়ানোর জন্য আগামী শুক্রবার পর্যন্ত সময় রয়েছে।

এদিকে, এখনো পর্যন্ত হরমুজ প্রণালীতে ইরান তাদের নিয়ন্ত্রণ বজায় রেখেছে। যুক্তরাষ্ট্রও ইরানের তেল পরিবহনের ওপর নৌ-অবরোধ চালিয়ে যাচ্ছে বলে জানা গেছে।

------------------

আইপিএল ক্রিকেটে আজ রাজস্থান রয়্যালস, দিল্লি ক্যাপিটালস এর বিরুদ্ধে খেলবে। জয়পুরের সাওয়াই মান সিং স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। রাজস্থান ৯ ম্যাচে ১২ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় চতুর্থ, দিল্লি ৮ ম্যাচে ৬ পয়েন্ট সংগ্রহ করে সপ্তম স্থানে রয়েছে।

------------------ ------------------